



ফিলিস্তিনি রাষ্ট্রদূতের সঙ্গে গুলশানে খালেদা জিয়ার সৌজন্য সাক্ষাৎ



সংগৃহীত ছবি

ঢাকায় নিযুক্ত ফিলিস্তিনি রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রামাদান বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাৎ করেছেন। বৈঠকে তিনি খালেদা জিয়ার স্বাস্থ্যের খোঁজ নেন ও দ্রুত আরোগ্য কামনা করেন। এছাড়া ফিলিস্তিনি জনগণের বর্তমান পরিস্থিতি নিয়েও আলোচনা হয়।

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ফিলিস্তিনি রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রামাদান। মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) রাত ৮টার দিকে রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের বাসভবন 'ফিরোজায়' এ বৈঠক অনুষ্ঠিত হয়।

বিএনপির মিডিয়া সেলের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বৈঠকে রাষ্ট্রদূত খালেদা জিয়ার শারীরিক অবস্থার খোঁজ-খবর নেন এবং তার দ্রুত সুস্থতা কামনা করেন। অন্যদিকে, খালেদা জিয়া ফিলিস্তিনি জনগণের বর্তমান অবস্থা সম্পর্কে রাষ্ট্রদূতের কাছে বিস্তারিত জানতে চান।

এ সময় বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য ড. মোহাম্মদ এনামুল হক চৌধুরী ও একান্ত সচিব এ বি এম আব্দুস সাত্তার উপস্থিত ছিলেন।